কর্মবিরতির ফলে পরিষেবা মিলছে না মালদা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে

ফিরে যাচ্ছেন রোগী, পরিষেবা স্বাভাবিক করার আবেদন সাধারণের

নিজস্ব প্রতিবেদন, মালদা: কেউ এসেছেন অসুস্থ ছেলের চিকিৎসা করাতে। আবার কেউ হৃদরোগে আক্রান্ত হয়ে ভর্তি রয়েছেন মেডিক্যাল কলেজে। ছয় মাসের গর্ভবতী গৃহবধূ আউটডোরে এসে দীর্ঘক্ষণ অপেক্ষার পর চিকিৎসা না পেয়ে ফিরে গিয়েছেন। শুধু এখানেই থেমে থাকেনি। হৃদরোগে আক্রান্ত হয়ে ভর্তি মালদা মেডিক্যাল কলেজের এক রোগীর মৃত্যু হয় সোমবার সকালে। পরিবারের অভিযোগ, চিকিৎসা পরিষেবা না মেলার কারণেই ওই রোগীর মৃত্যু হয়েছে। কলকাতার আরজিকর মেডিক্যাল কলেজের চিকিৎসক ছাত্রী খুনের পর একটানা কর্মবিরতি জেরে মালদা মেডিক্যাল কলেজে ভেঙে পড়েছে চিকিৎসা পরিষেবা। সকাল থেকে ঠাঁয় দাঁড়িয়ে রয়েছেন অসংখ্য রোগী ও তাঁদের আত্মীয়েরা। আউটডোর বন্ধ। অধিকাংশ চিকিৎসকের দেখা নেই বলে অভিযোগ। একদিকে জুনিয়র ডাক্তার থেকে একাংশ স্বাস্থ্য কর্মীদের কর্ম বিরতি। অপরদিকে রোগী ও তাঁদের আত্মীয়দের পরিষেবা না পেয়ে আর্তনাদ। দুই মিলিয়ে মুখ থুবড়ে পড়েছে মালদা মেডিক্যাল কলেজের চিকিৎসা পরিষেবা। কালিয়াচক থানার সিলামপুর এলাকার বাসিন্দা নজরুল মোমিন (৫৫) রবিবার রাতে হৃদরোগে আক্রান্ত হয়ে ভর্তি হয়েছিলেন। সোমবার সকালে সংকটজনক অবস্থা তৈরি হয়। এরপরই তিনি মারা যান। মৃত রোগীর আত্মীয় আকমল হোসেন বলেন, সঠিক সময়ে চিকিৎসা পেলে নজরুল মোমিন বেঁচে যেতেন। এদিন রাত থেকে সকাল পর্যন্ত কোনওরকম চিকিৎসা পরিষেবা মেলেনি। নার্সেরা বলেছেন নার্সিংহোমে নিয়ে যান। এখানে চিকিৎসা নেই। অবশেষে মৃত্যু হয় আর নজরুলের।

ইংরেজবাজার ব্লকের মহদিপুর থেকে চিকিৎসা করাতে এসেছিলেন অন্তঃসত্ত্বা গৃহবধূ তনি মণ্ডল। তিনি বলেন, আউটডোর বন্ধ। চিকিৎসা করাতে পারেননি। সকলের বক্তব্য, অবিলম্বে চিকিৎসা পরিষেবা স্বাভাবিক পরিবেশ ফেরানোর ক্ষেত্রে প্রশাসনের উদ্যোগ নেওয়া উচিত। এদিকে কলকাতার আরজিকরে চিকিৎসক ছাত্রীর নৃশংস হত্যাকাণ্ডের চার দিন কেটে গেল সোমবার মালদা মেডিক্যাল কলেজে কর্মবিরতি চালিয়ে যাচ্ছেন জুনিয়র ডাক্তারেরা। নিজেদের নিরাপত্তার সুনিশ্চিত এবং ধৃতের ফাঁসির দাবিতে চলছে এই কর্মবিরতি। আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের বক্তব্য চিকিৎসকেরা রাতদিন এক করে রোগীদের পরিষেবা দিচ্ছি। আর আমাদেরই কোনও নিরাপত্তা নেই। তারই প্রতিবাদ জানিয়েই এই কর্মবিরতির অব্যাহত রয়েছে।

নার্সিং কলেজে ছাত্রীদের উপর অশালীন আচরণ, রাস্তা অবরোধ করে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদন, বারাসাত: চিকিৎসক পড়ুয়ার ছাত্রীর মৃত্যুর পরেও সুরক্ষিত নয় নার্সিং কলেজের ছাত্রীরা। আরজিকর হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার খুন করে ধর্ষণের পর নতুন করে উত্তেজনা ও একাধিক অভিযোগে উত্তাল নিলগঞ্জের রঙ্গপুর ডক্টর কাদম্বরী গাঙ্গুলি ইনস্টিটিউট অফ নার্সিং কলেজে। অভিযোগ রাতের মদ্যপ অবস্থায় নার্সিং ছাত্রীদের সঙ্গে অশালীন আচরণ করেছে কলেজ কর্তৃপক্ষের অন্যতম কর্তা সিদ্ধার্থ ঘোষ। সেই অভিযোগে সোমবার বারাকপুর-বারাসাত রোড অবরোধ করে বিক্ষোভ দেখায় নার্সিং পড়ুয়া ছাত্রীরা ও তাদের অভিভাবকেরা। এদিন তারা রাস্তায় বসে বিক্ষোভ দেখায়। আরজিকর হাসপাতালের ঘটনায় কঠোর মনোভাব দেখালেও এক্ষেত্রে পুলিশ, প্রশাসনের নিষ্ক্রিয়তা নিয়েও ক্ষোভ জমা হয়েছে বিক্ষোভকারীদের মধ্যে। যদিও বারংবার প্রশ্ন করা হলেও এবিষয়ে কলেজ কর্তৃপক্ষ কোনও মন্তব্য করতে চায়নি। দু'ঘণ্টা পর পুলিশি আশ্বাসে বিক্ষোভ উঠে যায়।

ছাত্রীদের অভিযোগ, গত ৫ অগস্ট রাতে সিদ্ধার্থ ঘোষ মদ্যপ ছাত্রীদের ঘরে ঢুকে তাদের সঙ্গে শারীরিক নির্যাতন ও অশালীন আচরণ করে। ডিএম অফিস অভিযোগ জানানো হয়। জেলাশাসকের দপ্তর থেকে জানানো হয় সোমবার ডিএম অফিসের প্রতিনিধি, পুলিশ, কলেজ কর্তৃপক্ষ নার্সিং ছাত্রী ও তাদের অভিভাবকদের নিয়ে একটি আলোচনা হবে। সেখানে অভিযুক্ত সিদ্ধার্থ ঘোষও থাকবেন। অথচ সেই মতো আলোচনা না করে ছাত্রী ও তাদের অভিভাবকদের আলাদা আলাদা করে আলোচনায় বসতে জোর করা হয় এবং মূল অভিযুক্ত সিদ্ধার্থ ঘোষ আলোচনায় অনুপস্থিত। ছাত্রীদের আরও অভিযোগ তাদের আলাদা হস্টেল নেই, ফ্যাকাল্টি নেই, অ্যাপ্রুভাল নেই। অভিযুক্তকে গ্রেপ্তার না করা হলে তারা বৃহত্তর আন্দোলনে নামবে বলে জানান বিক্ষোভকারীরা।

ইসিএলের সেফটি অফিসারের গুন্ডাগিরি, খবর সংগ্রহে বাধা, ছিনিয়ে নেওয়া হল মোবাইল

নিজস্ব প্রতিবেদন, অন্ডাল: খবর সংগ্রহ করতে গিয়ে সাংবাদিকদের বাধার মুখে পড়তে হল অন্ডালের কাজরা এরিয়ার মাধবপুর কোলিয়ারিতে। ঘটনাটি ঘটে সোমবার সকাল ১০ টা নাগাদ। কোলিয়ারিতে নিরাপত্তা বিষয়ক গাফিলতি রয়েছে এই খবর পেয়েই খবর সংগ্রহে যায় এই সাংবাদিকরা। খনির বাইরের যেখানে খনি শ্রমিকরা বসে থাকেন সেখানে ছবি তুলতে গেলে হঠাৎ করে কোলিয়ারির সেফটি অফিসার ঋষভ গুপ্তা নামে এক ইসিএল আধিকারিক হঠাৎ করে সাংবাদিকদের সামনে এসে হেনস্তা শুরু করেন, নিরাপত্তার গাফিলতির কথা প্রকাশ্যে যাতে না আসে সে খবর চাপতেই সেফটি অফিসার ঋষভ গুপ্তা মরিয়া হয়ে সাংবাদিকদের ধাক্কাধাক্কি করে মোবাইল ছিনিয়ে নেয়। যদিও পরে ঘটনাস্থলে আসেন কোলিয়ারির ম্যানেজার। যিনি তার কোলিয়ারের সেফটি অফিসারের এহেন ব্যবহারের জন্য দুঃখ প্রকাশ করেন।

কোলিয়ারির শ্রমিক সংগঠন কে.কে.এস সির সম্পাদক অজয় সিং বলেন, কোলিয়ারিতে দুটি চানক রয়েছে। কয়েকদিন আগে বৃষ্টির কারণে একটি চানকে জল ঢুকে যাওয়ায় বন্ধ হয়ে যায় চানকটি। কিন্তু বৃষ্টি জল ঢুকে কোলিয়ারির চানক বন্ধ হওয়ার পিছনে ইসিএল আধিকারিকদের হাত রয়েছে বলে মনে করছেন শ্রমিক সংগঠনের লোকেরা। কারণ ওই চানকটি থেকে ইতিমধ্যেই তুলে নেওয়া হয়েছে বেশ কয়েকটি পাম্প আর পাম্প না থাকার কারণে জলে ডুবেছে চানকটি বলে অভিযোগ। তাই পাশের চানক থেকেই হচ্ছে কোলিয়ারির কাজ। এই মুহূর্তে এই চানকে কোনওরকম দুর্ঘটনা ঘটলে খনির নিচে মৃত্যু হতে পারে বহু শ্রমিকের। জীবনে ঝুঁকি নিয়েই খনির নিচে যেতে হচ্ছে শ্রমিকদের। এরকম পরিস্থিতিতে খনির অবস্থা কেমন সেটা প্রকাশ্যে আনতেই সাংবাদিকরা খবর সংগ্রহে যায় সেখানে। খনির এই ধরনের খবর প্রকাশ্যে আসুক চায় না খনির সেফটি অফিসার। এ কারণেই সাংবাদিকদের খবর সংগ্রহ করতে বাধা দিয়ে ছিনিয়ে নেওয়া হয় মোবাইল।

প্রতিশ্রুতি রাখতে সন্দেশখালিতে প্রিয়দর্শিনী

নিজস্ব প্রতিবেদন, সন্দেশখালি: প্রতিশ্রুতি রাখতে সন্দেশখালিতে সম্প্রীতির সন্দেশ নিয়ে হাজির হলেন প্রিয়দর্শিনী হাকিম। সোমবার মহিলাদের নিয়ে সাংগঠনিক বৈঠক করেন তিনি। সেখানে কলকাতা থেকে নিয়ে যাওয়া মিষ্টি খাওয়ান প্রিয়দর্শিনী। তিনি বলেন, পরিকল্পিত ভাবে সন্দেশখালি নাম গোটা দেশে কলঙ্কিত হয়েছে। মিষ্টি মুখের মধ্য দিয়ে এদিন সম্প্রীতির বার্তা দিলেন প্রিয়দর্শিনী।

লোকসভা নির্বাচনে আগে বসিরহাট মহাকুমার সন্দেশখালি বারেবারে উত্তপ্ত করা হয়েছে। নারী নির্যাতন জিগির তুলে অশান্ত করা হয়েছিল। পাশাপাশি বেশ কিছু নেতার কুকীর্তির কারণে খবরের শিরোনামে এসেছে সন্দেশখালি। এর জন্য বেশ কয়েকজন নেতা এখনও জেলবন্দি রয়েছেন। তৃণমূল নেত্রী প্রিয়দর্শিনী হাকিম সেই সময় সন্দেশখালিতে এসে বলে গিয়েছিলেন এই লোকসভায় আমরা ভোটে জিতলে আমি মিষ্টি খাওয়াতে আসব। সেই কথা রাখতে সন্দেশখালি দু'নম্বর ব্লকের অভিযান ক্লাবের মাঠে প্রকাশ্য এদিন কয়েক হাজার মহিলাদের নিয়ে জনসভায় হয়। ছিলেন সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাতো। প্রিয়দর্শিনী বলেন, সন্দেশখালির মা-বোনেরা কথা রেখেছেন। সেই কথামতো লোকসভা নির্বাচনে বসিরহাট কেন্দ্রটি তৃণমূলের দখলে গেছে। যার কারণে আজ আমি এখানে এসেছি সন্দেশখালি সম্প্রীতির বার্তা নিয়ে। নির্বাচনের আগে সন্দেশখালি যে ঘটনা রাজ্য ছাড়িয়ে গোটা দেশের সন্দেশখালির নাম কলঙ্কিত হয়েছে, কিন্তু আপনারা তৃণমূলের ওপর ভরসা রেখেছেন। তৃণমূলের সাড়ে তিন লক্ষ ভোটে বসিরহাট লোকসভা কেন্দ্রটি জয়ী হয়েছেন। আমি কথা দিয়েছিলাম জেতার পরে আসব, তাই এসে আপনাদের কাছে জয়ের অংশীদার হিসেবে এখানে এসেছি। আপনারা আমাদের পাশে আছেন। আজকের প্রিয়দর্শিনী হাকিম আসায় সন্দেশখালি বহু মা-বোনেরা তৃণমূল মহিলা কর্মী সমর্থকরা হাজির হয়েছিলেন। এদিন প্রত্যেকের হাতে মিষ্টি বিতরণের মধ্য দিয়ে আগামী দিনে তৃণমূলের ওপর ভরসা রাখুন এই বার্তা দেন প্রিয়দর্শিনী হাকিম।

শ্রাবণের শেষ সোমবারে ভক্তদের ভিড় সিউড়ি ভুঁইফোরতলায়।

দুই মহিলা জুনিয়র ডাক্তারের সঙ্গে অশালীন আচরণ, গ্রেপ্তার মদ্যপ যুবক

নিজস্ব প্রতিবেদন, রায়গঞ্জ: রায়গঞ্জ মেডিক্যাল কলেজে আন্দোলন চলাকালীন দুই মহিলা জুনিয়র ডাক্তারের সঙ্গে অশালীন আচরণের অভিযোগ উঠল এক মদ্যপ যুবকের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে রায়গঞ্জ মেডিক্যাল কলেজের পুলিশ ফাঁড়ি সংলগ্ন এলাকায়। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আছেন রায়গঞ্জ থানার পুলিশ। মদ্যপ ওই যুবককে আটক করে পুলিশ থানায় নিয়ে যায়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, রায়গঞ্জ মেডিক্যাল কলেজে আরজিকর কাণ্ড নিয়ে জুনিয়ার ডাক্তারদের আন্দোলন চলছিল। সেই সময় দুই মহিলা জুনিয়র ডাক্তার দুপুরের খাবার খেতে ক্যান্টিনে এসেছিলেন। ক্যান্টিনে ভিড় থাকায় তারা দু'জন বাইরে দাঁড়িয়ে কথা বলছিলেন। সে সময় এক মদ্যপ যুবক এসে তাদের দেখে অশালীন আচরণ করতে থাকার পাশাপাশি তাদের কটুকথা বলতে থাকে। এই দেখে ওই দুই মহিলা জুনিয়র ডাক্তার বিষয়টি এড়িয়ে চলে যেতে চাইলে তাদের মারার জন্য ওই মদ্যপ যুবক তেড়ে যায়। এই দেখে স্থানীয় মানুষেরা হাসপাতাল ভেতরে থাকা পুলিশ ফাঁড়িতে খবর দেয়। পুলিশ ছুটে এসে ওই মদ্যপ যুবককে আটক করে নিয়ে যায় ফাঁড়িতে। অভিযুক্তের নাম জীবন রাজবংশী। রায়গঞ্জ থানায় খবর দেওয়া হলে ঘটনাস্থলে ছুটে আসে রায়গঞ্জ থানার পুলিশ। মদ্যপ ওই যুবককে আটক করে থানায় নিয়ে যায়। ওই যুবকের বিরুদ্ধে রায়গঞ্জ থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

অভিযোগকারী মহিলা জুনিয়ার ডাক্তার জানিয়েছেন, আমরা দু'জন মিলে ক্যান্টিনে খাবার খেতে এসেছিলাম সেই সময় এক ব্যক্তি মদ্যপ অবস্থায় এসে আমাদের সঙ্গে অশালীন আচরণের পাশাপাশি আমাদের দেখে গালাগালি করতে থাকে। এখানে আমাদের কোনও সিকিউরিটি নেই। আমরা চাইছি আমাদের ঠিক মতো আমাদের সিকিউরিটি ব্যবস্থা করা হয়। এক স্থানীয় টোটো চালক জানিয়েছেন, আমি আমার টোটো থেকে যাত্রীদের নামানোর সময় দেখতে পেলাম এক মদ্যপ ব্যক্তি ওই দুই মহিলাকে হুমকি দিচ্ছে পাশাপাশি তাদেরকে মারার জন্য তেড়ে যাচ্ছে। পরে মেডিক্যাল কলেজে থাকা পুলিশ ফাঁড়ির পুলিশ এসে ওই ব্যক্তিকে নিয়ে যায়। অন্যদিকে রায়গঞ্জ থানার আইসি বিশ্বাস্রয় সরকার টেলিফোনে জানিয়েছেন, মেডিক্যাল কলেজ চত্বর থেকে এক মদ্যপ ব্যক্তিকে আটক করে নিয়ে আসা হয়েছে। তদন্ত শুরু করা হয়েছে।

ধর্ষণের চেষ্টায় অভিযুক্ত এক ব্যক্তিকে দোষী সাব্যস্ত করল আদালত

নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট: ধর্ষণের চেষ্টায় অভিযুক্ত এক ব্যক্তিকে দোষী সাব্যস্ত করল আদালত। দীর্ঘদিন ধরে চলা এই মামলার রায় সোমবার ঘোষণা করেন দক্ষিণ দিনাজপুর জেলা আদালতের বিচারক। জানা গিয়েছে, ২০১৪ সালে মালদা জেলার বাসিন্দা অভিযুক্ত সারিউল্লা শেখ দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে তার বন্ধুর বাড়িতে এসেছিলেন। সেই দিন বাড়িতে কেউ না থাকার সুযোগে বন্ধুর স্ত্রীকে ধর্ষণের করার অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। সেই সময় বন্ধুর স্ত্রী চিৎকারে আশেপাশের লোকজন এসে সারিউল্লাহকে পাকড়াও করে পুলিশের হাতে তুলে দেয়। দীর্ঘদিন ধরে সেই মামলাটি চলছিল দক্ষিণ দিনাজপুর জেলা আদালতে। অবশেষে এদিন জেলা আদালতের বিচারক অভিযুক্ত ব্যক্তিকে দোষী সাব্যস্ত করেন।

এ বিষয়ে দক্ষিণ দিনাজপুর জেলা আদালতের সরকারি আইনজীবী ঋতব্রত চক্রবর্তী বলেন, 'জেলা আদালতের সেকেন্ড কোর্টের বিচারক শরণ্যা সেন (প্রসাদ) গত শুক্রবার অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেছিল। আসামীকে সাত বছরের সশ্রম কারাদণ্ড ও দশ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অনাদায় আরো ছয় মাসের সশ্রম কারাদণ্ডের আদেশ দিয়েছেন।'

ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড

CIN: L45201WB1996PLC077451

রেজিস্টার্ড অফিস: ৪০৯, স্বায়িকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা (প.ব.)৭০০০০১, ফোন: ০৩৩-২২৩৪৩৬৭৩

ওয়েবসাইট : www.dynamicarchistructures.com, **ইমেল:** info@dynamicarchistructures.com

৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল (ইপিএস ছাড়া টাকার অঙ্ক কোটিতে)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত/চলতি বর্ষ সমাপ্ত	বর্ষ থেকে তারিখ অর্থাঙ্ক/পূর্ববর্তী বর্ষ সমাপ্ত	অনুরূপ ৩ মাস সমাপ্ত পূর্ববর্তী বর্ষের
		৩০.০৬.২০২৪	৩০.০৬.২০২৪	৩০.০৬.২০২৩
১	কার্যাদি থেকে মোট আয়	২.৬২	২.৬২	১.৮৫
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে #)	২.৩৭	২.৩৭	১.৬১
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #)	২.৩৭	২.৩৭	১.৬১
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #)	২.০৫	২.০৫	১.৪০
৫	সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী)এবং অন্যান্য আনুপুঙ্খিক আয়(করের পরে)]	২.০৫	২.০৫	১.৪০
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৫.০১	৫.০১	৫.০১
৭	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকার) (চলতি এবং অচলতি কার্যাদির জন্য)			
	১. মৌলিক :	৪.০৯	৪.০৯	২.৮০
	২. মিশ্রিত :	৪.০৯	৪.০৯	২.৮০

দ্রষ্টব্য :

ক) উপরের ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জে জমাকৃত বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের নির্যাস যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com -এ পাওয়া যাবে।

খ) #- ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা ইন্ড এএস রুলস অনুযায়ী লাভ এবং ক্ষতির বিবরণে সামঞ্জস্য করা হয়েছে।

ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
দানমাল পোরওয়াল
চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর
(DIN - 00581351)

স্থান: কলকাতা
তারিখ: ১২.০৮.২০২৪

আসাম এনট্রেড লিমিটেড

CIN: L20219WB1985PLC096557

১৬ তারাচাঁদ দত্ত স্ট্রিট, ৩য় তল, কলকাতা-৭০০০৭৩

ইমেল: assamentrade1985@gmail.com, ওয়েবসাইট: www.assamentrade.com

৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারসংক্ষেপ (লক্ষ টাকায়)

নং	বিবরণ	স্ট্যান্ডঅ্যালোন				কনসোলিডেটেড			
		সমাপ্ত ত্রৈমাসিকের জন্য			সমাপ্ত বর্ষের জন্য	সমাপ্ত ত্রৈমাসিকের জন্য			সমাপ্ত বর্ষের জন্য
		৩০.০৬.২০২৪	৩১.০৩.২০২৪	৩০.০৬.২০২৩	৩১.০৩.২০২৪	৩০.০৬.২০২৪	৩১.০৩.২০২৪	৩০.০৬.২০২৩	৩১.০৩.২০২৪
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত
১	কার্যাদি থেকে মোট আয়	১৮৫.৩১	২১৫.৪৯	১৯৫.৫৯	৭২৬.৬১	১৮৫.২১	২১৫.৯০	১৯৬.৭২	৭৪৪.৪৮
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহর পূর্ব#)	৪৫.১৩	৬৯.৬১	৫৫.৪০	২৪০.০৭	৪৫.২১	৬৯.৪০	৫৫.৩৭	২৪০.০৭
৩	সময়কালের জন্য কর পূর্ব নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহর পরবর্তী #)	৪৫.১৩	৬৯.৬১	৫৫.৪০	২৪০.০৭	৪৫.২১	৬৯.৪০	৫৫.৩৭	২৪০.০৭
৪	সময়কালের জন্য কর পরবর্তী নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহর পরবর্তী #)	২৮.০৬	৫২.২১	(৪.৭৮)	১৩৩.৯৪	২৮.১৪	৫১.৯৬	(৪.৮১)	১৩৩.৯০
৫	মোট ব্যাপক আয় সময়কালের জন্য [সময়কালের (কর পরবর্তী) লাভ এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত]	২৮.০৬	৫২.২১	(৪.৭৮)	১৩৩.৯৪	২৮.১৪	৫১.৯৬	(৪.৮১)	১৩৩.৯০
৬	পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন	১৪৩.৯৮	১৪৩.৯৮	১৪৩.৯৮	১৪৩.৯৮	১৪৩.৯৮	১৪৩.৯৮	১৪৩.৯৮	১৪৩.৯৮
৭	রিজার্ভ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত)*	-	-	-	৫,৯১৩.৮০	-	-	-	৬,০৭৮.৫৭
৮	শেয়ার প্রতি আয় (ইপিএস) প্রতিটি ১০/- টাকার মূল্যের মূল ইপিএস (টা. প্রতি শেয়ার) (বর্ষ শেষে বার্ষিকীকৃত নয়)	১.৯৫	৩.৬৩	(০.৩৩)	৯.৩০	১.৯৫	২.৫৬	(০.৩৩)	৯.৩০
	শেয়ার প্রতি আয় (ইপিএস) প্রতিটি ১০/- টাকার মূল্যের মিশ্রিত ইপিএস (টা. প্রতি শেয়ার) (বর্ষ শেষে বার্ষিকীকৃত নয়)	১.৯৫	৩.৬৩	(০.৩৩)	৯.৩০	১.৯৫	২.৫৬	(০.৩৩)	৯.৩০

* রিজার্ভের মধ্যে রয়েছে উভয় বর্ষের সিকিউরিটিজ প্রিমিয়ামের পরিমাণ ৬২২.৭০৫ লক্ষ টাকা।

দ্রষ্টব্য:

১ উপরোক্তটি হল সেবি (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জ সমূহে ফাইল করা সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের সারাংশ। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ সমূহের ওয়েবসাইট (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.assamentrade.com) -তে।

আসাম এনট্রেড লিমিটেড -এর পক্ষে
স্বা/-
(নিশান্ত গুপ্তা)
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 00326317

তারিখ : ১২/০৮/২০২৪
স্থান : কানপুর

বিকেএম ইন্ডাস্ট্রিজ লিমিটেড

(CIN:- L27100WB2011PLC161235) ফোনন ঃ : (০৩৩)-২২১৩২৩৭২/৭৩, ফ্যাক্স : (০৩৩)-২২১৩২৯০৩

ইমেল : cs.bkm@rediffmail.com, ওয়েবসাইট : www.bkmindustries.co.in

৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত কনসোলিডেটেড আর্থিক ফলাফলের সারসংক্ষেপ (লক্ষ টাকায়)

	বিবরণ	ত্রৈমাসিক বর্ষ সমাপ্ত ৩০.০৬.২০২৪	পূর্ববর্তী বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪	৩০.০৬.২০২৩ পূর্ব বর্ষের অনুরূপ ৩ মাস সমাপ্ত
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত
১	কার্যাদি থেকে মোট আয়	১.৬৮	১০৬.৩৯	৩.০৫
২	নিট লাভ সময়কালের (কর, ব্যতিক্রমী এবং/ বা অসাধারণ দফা পূর্ববর্তী #)	- ৭১.৪২	- ২২৬.৭১	-২৬.১৪
৩	নিট লাভ সময়কালের কর পূর্ব (ব্যতিক্রমী এবং/ বা অসাধারণ দফা পরবর্তী #)	- ৭১.৪২	- ২২৬.৭১	-২৬.১৪
৪	নিট লাভ সময়কালের কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/ বা অসাধারণ দফা পরবর্তী #)	- ৭১.৪২	- ২০৪.৭৭	-২৬.১৪
৫	মোট ব্যাপক (ক্ষতি)/লাভ সময়কালের জন্য (কর পরবর্তী সমন্বিত {ক্ষতি/আয় এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী ক্ষতি/আয়)}	- ৭১.৪২	- ২০৪.৭৭	-২৬.১৪
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	১২.৩৫	১২.৩৫	১২.৩৫২৬১
৭	মজুত (পুনর্মূল্যায়ন মজুত ব্যতীত) পূর্ব বর্ষের নিরীক্ষিত ব্যালান্স সীটে প্রদর্শিতমতো	——	——	——
৮	শেয়ার প্রতি রোজগার (প্রতিটি ১/- টাকার) (চলতি ও অচলতি কাজের জন্য) **-			
	১. মৌলিক:	- ৫.৭৮	- ১৬.৫৮	-২.১২
	২. মিশ্রিত:	- ৫.৭৮	- ১৬.৫৮	-২.১২

 # কোম্পানির কোনও ব্যতিক্রমী এবং অসাধারণ দফা নেই।

স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের মূল সংখ্যা (লক্ষ টাকায়)

ক্র. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত		অনুরূপ ৩ মাস সমাপ্ত
		জুন-২৪	মার্চ-২৪	মার্চ-২৪
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত
১	কার্যাদি থেকে মোট রাজস্ব	১.৬৮	১০৬.৩৯	৩.০৫
২	চলতি কার্যাদি থেকে কর পূর্ব লাভ/(ক্ষতি)	-৭১.৪২	-২২৬.৭১	-২৬.১৪
৩	চলতি কার্যাদি থেকে কর পরবর্তী লাভ/(ক্ষতি)	-৭১.৪২	-২০৪.৭৭	-২৬.১৪

দ্রষ্টব্য :

১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে, স্টক এক্সচেঞ্জেসমূহে ফাইল করা ৩০ জুন, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের বিস্তারিত ফর্মাটের সারসংক্ষেপ। ত্রৈমাসিক এবং অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে বিএসই-র ওয়েবসাইট (www.bseindia.com) এবং এনএসই-র ওয়েবসাইট (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.bkmindustries.co.in -এ।

২. উপরোক্ত ফলাফল অডিট কমিটি দ্বারা পর্যালোচিত, ১২.০৮.২০২৪ তারিখে অনুষ্ঠিত বোর্ড কর্তৃক তাদের সভায় অনুমোদিত।

৩. কোম্পানি বার্ষিক ভিত্তিতে কনসোলিডেটেড আর্থিক বিবৃতি প্রস্তুত করেছে এবং কনসোলিডেটেড আর্থিক পরিসংখ্যানের মধ্যে কোম্পানির সহায়ক/সহযোগী/যৌথ উদ্যোগ যেমন ইউরোএশিয়ান ভেনচার এফজেডই অন্তর্ভুক্ত রয়েছে।

৪. # - ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ দফাগুলি ইন্ড-এএস বিধি অনুসারে লাভ এবং ক্ষতির বিবৃতিতে সামঞ্জস্য করা হয়েছে। অথবা # - কোম্পানির ব্যতিক্রমী এবং অসাধারণ দফা নেই।

স্থান: কলকাতা
তারিখ: ১২.০৮.২০২৪

সূর্য ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টস লিমিটেড

CIN : L65921WB1980PLC033204

রেজি অফিস : ১৪/১বি, এজরা স্ট্রিট, কলকাতা পব ৭০০০০১ ভারত

ইমেল : slj2200@gmail.com

৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত তিন মাসের স্ট্যান্ডালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের প্রতিবেদনের সংক্ষিপ্ত (লাখ টাকায়)

ক্রম নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২৪ (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্ত ৩০ জুন, ২০২৩ (অনিরীক্ষিত)	বর্ষ সমাপ্ত ৩১ মার্চ, ২০২৪ (নিরীক্ষিত)
১	মোট আয় কারবার থেকে (নিট)	০.০৬	-	৪.৪৩
২	নিট লাভ/(ক্ষতি) তিন মাস (কর, ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পূর্ব)	(০.৬৩)	১.৫৬	১৬.৯৫
৩	নিট লাভ/(ক্ষতি) তিন মাস কর পূর্ব (ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	(০.৬৩)	১.৫৬	১৬.৯৫
৪	নিট লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের কর পরবর্তী (ব্যতিক্রমী দফা এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী)	(০.৬৩)	১.৫৬	১৬.৮৭
৫	মোট সংবদ্ধ আয় সংশ্লিষ্ট সময়ের [লাভ/(ক্ষতি) সংশ্লিষ্ট সময়ের (কর পরবর্তী) এবং অন্যান্য সংবদ্ধ আয় (কর পরবর্তী) সমন্বিত]	(০.৬৩)	১.৫৬	১৬.৮৭
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	২০.০০	২০.০০	২০.০০
৭	শেয়ার পিছু আয় (প্রতিটি ১০ টাকা)			
	মূল :	(০.৩১)	০.৭৮	৮.৪৩
	মিশ্র :	(০.৩১)	০.৭৮	৮.৪৩

দ্রষ্টব্য :

ক) উক্ত তিন মাসের আর্থিক ফলাফলের বিস্তারিত বয়ানের সংক্ষিপ্ত ২০১৫ সালের সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনসের রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে সংযুক্ত হয়েছে। তিন মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট এবং তালিকাভুক্ত সংস্থার ওয়েবসাইট http://suryaindustrialdevelopments.in.net থেকে পাওয়া যাবে।

ডিরেক্টর বোর্ডের পক্ষে ও জন্য
সত্য নারায়ণ সুরেকা
(ডিন - ০০৫৬৭১৩৯)
ডিরেক্টর

তারিখ : ১২ আগস্ট ২০২৪
স্থান : কলকাতা

তাই ইন্ডাস্ট্রিজ লিমিটেড

CIN: L01222WB1983PLC059695

রেজিঃ অফিস : অরিহান্ট বিল্ডিং, ৪র্থ তল, ৫৩এ, মির্জা গালিব স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

ফোন নং: (০৩৩) ৪০৪১ ৬৬৬৬, **ফ্যাক্স:** (০৩৩) ২২৪৯ ৭৩১৯

ইমেল: info@taiind.com, **ওয়েবসাইট:** www.taiind.com

৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক সময়ের স্টান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ (₹ লাখে)

ক্রম. নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত জুন ২০২৪	ত্রৈমাসিক সমাপ্ত মার্চ ২০২৪	ত্রৈমাসিক সমাপ্ত জুন ২০২৩	বর্ষ সমাপ্ত মার্চ ২০২৪
১	কার্যাদি থেকে মোট আয়	৮,৭৪৭.৬৯	৩,৪২৫.০৯	৬,০৬৫.৭০	১৫,০৩১.৭৩
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে)	২৪.৬৩	৮.৬৬	৯.৬৬	১২৮.৩০
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #)	২৪.৬৩	৮.৬৬	৯.৬৬	১২৮.৩০
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #)	১৮.২৩	৬৩.৭১	১.১৫	১৪০.৭৯
৫	সময়কালের জন্যমোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)]	৪৯.২৭	৭১.৫০	২৮.৯৮	২২৮.১৬
৬	আদায়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (₹ ১০/- প্রতিটি)	৬০০.০০	৬০০.০০	৬০০.০০	৬০০.০০
৭	রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে) পূর্ববর্তী বছরের নিরীক্ষিত উদ্বর্তপত্রে যেমন প্রদর্শিত	-	-	-	২,২৯৫.৬৬
৮	শেয়ার প্রতি আয়(₹১০/- প্রতিটি) (চালু থাকা ও ব্যাহত হওয়া কার্যাদির জন্য) -				
	(ক) মৌলিক (₹)	০.৩০	১.০৬	০.০২	২.৩৫
	(খ) মিশ্রিত (₹)	০.৩০	১.০৬	০.০২	২.৩৫

দ্রষ্টব্য ঃ

ক) সেবি (লিস্টিং অবলিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অধীনে ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের নির্যাস উপরোক্তটি যা বিএসই লিমিটেডে ফাইল করা হয়েছে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.taiind.com-তেও পাওয়া যাবে।

তাই ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
রোহন ঘোষ
(ম্যানেজিং ডিরেক্টর)
(DIN:- 00032965)

স্থান: কলকাতা
তারিখ : ১২ অগস্ট, ২০২৪

এনপিআর ফিনান্স লিমিটেড

CIN: L65921WB1989PLC047091

রেজিঃ অফিস : অ্যাডভেন্টেজ ইনফিনিটি @৫, ৭ম তল, সাউথ উইং, বিএন ব্লক, এসটি. নং ১৮, সেক্টর-৫, বিধাননগর, কলকাতা ৭০০ ০৯১ ফোন নং- ০৩৩-৪৮৪৯ ৬৪৯০

ইমেল আইডি- npr1@nprfinance.com, ওয়েবসাইট- www.nprfinance.com

৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ (টাকা লাখে)

ক্র. নং	বিবরণ	তিন মাস সমাপ্ত ৩০/০৬/২০২৪ (অনিরীক্ষিত)	তিন মাস সমাপ্ত ৩১/০৩/২০২৪ (নিরীক্ষিত)	তিন মাস সমাপ্ত ৩০/০৬/২০২৩ (অনিরীক্ষিত)	বর্ষ সমাপ্ত ৩১/০৩/২০২৪ (নিরীক্ষিত)
১	কার্যাদি থেকে মোট আয়	১৮২.৬৬	১৭৭.৮০	২৬৭.৬৮	৯৪৬.৬১
২	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে#)	২১.২৯	১৯.৮১	৮.০৫	৩৩.৩৪
৩	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে#)	২১.২৯	৩২.৬৮	৮.০৫	১৪৭.৭৫
৪	সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে#)	২২.৪৮	১৩.৬৪	৫.৩৫	১০৮.৬৩
৫	সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী) এবং অন্যান্য আনুপুঙ্খিক আয় (করের পরে)]	২২.৪৮	(৩৫৩.২২)	৫.৩৫	(২৫৮.২৩)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৫৯৮.৯৬	৫৯৮.৯৬	৫৯৮.৯৬	৫৯৮.৯৬
৭	অন্যান্য ইক্যুইটি (পুনর্মূল্যায়ন সংরক্ষণ বাদে)	৪১৪৭.৫৭	৪,১২৫.০৯	৪,৩৮৮.৬৬	৪,১২৫.০৯
৮	শেয়ার প্রতি আয় (১০/- টাকার প্রতিটি)(চালু থাকা ও ব্যাহত হওয়া কার্যাদির জন্য) –				
	(ক) মৌলিক :	০.৩৮	০.২৩	০.০৯	১.৮১
	(খ) মিশ্রিত :	০.৩৮	০.২৩	০.০৯	১.৮১

দ্রষ্টব্য ঃ

(১) উপরের ফলাফল নিরীক্ষণ সমিতি দ্বারা পুনরীক্ষিত এবং ১২ অগস্ট, ২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিচালন পর্ষদ দ্বারা তাদের সভায় অনুমোদিত হয়েছে।

(২) চলতি সময়কালের উপস্থাপনাকে নিশ্চিত করতে যেখানে প্রয়োজন সেখানে বিগত বর্ষের রাশিসমূহকে পুনর্শ্রেণিফুক্ত/পুনর্দলভুক্ত/পুনর্সজ্জিত করা হয়েছে।

(৩) ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরেরটি যা বিএসই লিমিটেডে ফাইল করা হয়েছে, সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস্) রেগুলেশনস, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট (http://www.bseindia.com) -এ এবং কোম্পানির ওয়েবসাইট (http://www.nprfinance.com) -এ।

(৪) ৩১ মার্চ, ২০২৪ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিকের পরিসংখ্যান ৩১ মার্চ, ২০২৪ তারিখে শেষ হওয়া বছরের নিরীক্ষিত পরিসংখ্যান এবং ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে শেষ হওয়া নয় মাসের অনিরীক্ষিত পরিসংখ্যানের মধ্যে ভারসাম্য বজায় রাখছে।

পর্ষদের আদেশানুসারে
এনপিআর ফিনান্স লিমিটেডের জন্য
পবন কুমার টোডি
ম্যানেজিং ডিরেক্টর
DIN- 00590156

তারিখ: ১২ অগস্ট, ২০২৪
স্থান: কলকাতা